পাভেল দূরভ অনেক লোকের কাছে অনেক কিছু। কারও কাছে তিনি প্রোগ্রামিং দুনিয়ার বিমায় তো কারও কাছে বিলিয়নিয়ার উদ্যোক্তা। কেউ তাঁকে ভাবেন ক্রেমলিনের পুতুল, কেউবা বাকস্বাধীনতার যোদ্ধা। এই পাভেল দূরভের সঙ্গে অন্তত ১০০ শিশুর জিনগত সম্পর্ক রয়েছে। অর্থাৎ জৈবিক দিক বিচারে তিনি ১০০ সন্তানের বাবা। দূরভের বড় পরিচয়, তিনি বার্তা আদানপ্রদানের আপ টেলিগ্রামের প্রতিষ্ঠাতা। গত সপ্তাহে ব্যক্তিগত উড্ডোজাহাজে করে ফ্রান্স সফরের সময় তাঁকে আটক করা হয়েছে। তাঁকে মেটা ও ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গের মতো অসাধারণ বিবেচনা করা হয়। একই সঙ্গে বর্তমান এন্ড্র (প্রাক্তন টুইটার) প্রতিষ্ঠাতা জ্যাক ডরসির অদ্ভুত জীবনযাপনের সঙ্গে তাঁর মিল পাওয়া যায়। টেসলার প্রতিষ্ঠাতা ইলন মাস্কের স্বাধীনচেতা হওয়ার বৈশিষ্ট্যও রয়েছে দূরভের মধ্যে। ইলন মাস্কের যেমন অনেক সন্তান এবং পদ্ধতি গ্রহণের প্রতি প্রতিশ্রুতির প্রমাণ, যা রেল অপারেশনের উচ্চ মান নিশ্চিত করে এবং বিদ্যমান লেআউটের সংশোধনগুলিকে কমায়। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার যাত্রীদের সুরক্ষিত,দক্ষ এবং নির্ভরযোগ্য রেল পরিষেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং অঞ্চলটির ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য পরিকাঠামো উন্নয়নে বিনিয়োগ অব্যাহত রাখবে।

ত্রাণ শিবিরে অব্যবস্থা দেখলেন এডিসি-র সদস্য

গভাছড়া , ১ সেপ্টেম্বরঃ গভাছড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের অস্থায়ী ত্রাণ শিবিরে চলছে লাগাতার অব্যবস্থা। নেই বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা, নোহো আবর্জনার মধ্যে কোনও রকমে প্রাণ নিয়ে বেঁচে আছেন শরণার্থীরা। খাওয়া দাওয়ায়ও অব্যবস্থা। সারাদিনের খাবারে মিলছে শুধু সয়াবিন আর ডাল। শিবিরে ঘরের চালের ছিদ্র গলে পড়ছে বুট্টির জল। ঘুমানোর জন্য নীচে পাতা রয়েছে শুধুমাত্র ত্রিপল। নেই সঠিক বিদ্যুৎ পরিষেবা। ফলে শিবিরের আবাসিক ছাত্রছাত্রীদের লেখাপড়া শিকিয়ে উঠেছে। শিবিরের বৈদ্যুতিন পাখাগুলিও অচল। শিবিরের এ সব চরম সমস্যাগুলি প্রত্যক্ষ করেছেন এমডিসি ভূমিকানন্দ রিয়াং। রবিবার এমডিসি ভূমিকানন্দ রিয়াং আচমকা গভাছড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের অস্থায়ী ত্রাণ শিবির পরিদর্শনে গিয়ে দেখেঠেন এ সব অব্যবস্থার চিত্র। তিনি শিবিরের আবাসিকদের সঙ্গে কথা বলেন। উদ্ধৃত নানা অভিযোগ করেন শিবিরবাসীরা। শরণার্থীদের মুখ থেকে অভিযোগগুলি শুনে রীতিমতো হতবাক হয়ে যান খেদ এমডিসি। প্রতিটি সমস্যা নিজে খতিয়ে দেখেছেন এমডিসি ভূমিকানন্দ রিয়াং। সমস্যাগুলি নিরসন করতে তিনি শিবির থেকে স্থানীয় প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। দিন কয়েকের মধ্যেই চলতি সমস্যাগুলির সমাধান করে দেওয়ার আশ্বাস দেন এমডিসি ভূমিকানন্দ।

Name Change
I, Md Akhtar Shahzada alias Akhtar Ali S/o. Akbar Ali R/o. 26/12, Khagendra Chatterjee Road, P.S. + P.O.- Cossipore, Kolkata-700002 shall henceforth be known as Sk Akhtar Ali. I declare that Sk Akhtar Ali, Md Akhtar Shahzada and Akhtar Ali is same and one identical person by virtue of an affidavit sworn before the Notary Public, Kolkata on 30-08-2024.

Name Change
I, Md Aadil Shahzada S/o. Sk Akhtar Ali R/o. 26/12, Khagendra Chatterjee Road, P.S. + P.O.- Cossipore, Kolkata-700002 shall henceforth be known as Aadil Shahzada. I declare that Aadil Shahzada and Md Aadil Shahzada is same and one identical person by virtue of an affidavit sworn before the Notary Public, Kolkata on 30-08-2024.

Name Change
I, Sk Mofidul Islam S/o. Sk Golam Nabi R/o. West Baisali Para, Salepur, P.S. + P.O.- Baruipur, Dist.- 24 Pgs. (S), Pin-700144 shall henceforth be known as Sk Mafidul Islam. I declare that Sk Mafidul Islam and Sk Mofidul Islam is same and one identical person by virtue of an affidavit sworn before the Notary Public, Kolkata on 30-08-2024.

Name Change
I, Harshit Sudhir Gohil (Old Name) S/o Sudhir Kumar Kantilal Gohil Residing at Rameswara Mansion Block- B, Flat-3, 3rd Floor, 10/4A, Laia Lalpat Rai Sarani, VTC: L.R. Sarani, P.O.- L.R. Sarani, Sub District: Circus Avenue, District- Kolkata, Pin-700020, W.B. shall henceforth be known as Harshit Gohil (New Name) as declared before the Notary Public Kolkata vide affidavit no.008/2024 Dated 28-08-2024. Harshit Sudhir Gohil (Old Name) and Harshit Gohil (New Name) both are same and one identical person.

Name Change
I, Chayan Halder (old name) S/O su-pada Halder, residing at Ramkrishna Pally, Newtown, Tarulia, North 24 Pgs. Pin- 700102, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Chayan Halder (new name) vide an affidavit sworn before Notary public at Alipore on 23/07/2024. Chayan Halder (new name) and Chayan Halder (old name) both are same identical person.

Name Change
I, Biswajit Halder (old name) S/O Chayan Halder, residing at Ramkrishna Pally, Newtown, Tarulia, North 24 Pgs, Pin- 700102, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Biswajit Halder (new name) vide an affidavit sworn before Notary public at Alipore on 23/07/2024. Biswajit Halder (new name) and Biswajit Halder (old name) both are same identical person.

Name Change
I, Tajmohammad Ansari & Taj Mohammad Ansari (old name) S/O Dukhi Mia Ansari, Presently residing at 25K Matlial Basak Lane, Phool Bagan, Kolkata- 700054, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Md Taj Ansari (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 30/08/2024. Md Taj Ansari (new name) and Tajmohammad Ansari & Taj Mohammad Ansari (old name) all are same identical person.

Name Change
I, Atiar Sardar (old name) S/O Late Rahim Sardar, Presently residing at Vill.- Raghudebbati Sardar Para, P.S.- Sankrali, Dist.- Howrah, Pin- 711310, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Atier Sardar (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 30/08/2024. Atier Sardar (new name) and Atiar Sardar (old name) both are same identical person.

মৌশুনীতে শহীদ বেদীর উদ্বোধন

দূরন্ত বার্তা, নামখানা, ১ সেপ্টেম্বরঃ খাদ্য আন্দোলনের শহীদদের স্মৃতির উদ্দেশ্যে শহীদ বেদী উদ্বোধন হলো মৌশুনীতে। ১৯৫৯ সালের ৩১শে আগস্ট খাদ্য আন্দোলনে শহীদ হন বহু মানুষ। সেই ঐতিহাসিক খাদ্য আন্দোলনের ৬৫ তম বছরে শহীদদের শ্রদ্ধা জানাতে শহীদবেদী তৈরি করা হলো। দক্ষিণ ২৪ পরগনা জেলার নামখানা ব্লকের মৌশুনীর কুসুমতলা বিবেক পল্লীতে এই শহীদবেদী উদ্বোধন করা হয়। শনিবার দিন এই শহীদবেদীর ফিতে কেটে উদ্বোধন করেন বর্ধীয়ান সিপিআইএম নেতা তথা সিপিআইএমএর সুন্দরবন জেলার কৃষক নেতা প্রভাত মন্ডল। পরে তিনি সিপিআইএমের দলীয় পতাকা উত্তোলন করেন ও শহীদ বেদীতে মালাদান করে। বর্ধীয়ান সিপিআইএম নেতা প্রভাত মন্ডল বলেন ১৯৫৯ সালে যখন খাদ্য আন্দোলন ব্যাপক হারে বিস্তার লাভ করে। তখন আমার ২০ কিংবা ২১ বছর বয়স। আমি সেই উদ্বোধন হলো সেই গণআন্দোলনে শহীদদের স্মৃতির উদ্দেশ্যে। এদিন সিপিআইএম নেতা দেবশীষ গার বলেন আমরা আজ ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের শহীদদের স্মৃতির উদ্দেশ্যে এই শহীদ বেদী তৈরি করলাম। আমরা হেরেছি কিন্তু হারিয়ে যাইনি।এদিন প্রথমে বাগডাঙ্গা বাজার থেকে মিছিল করে শহীদবেদী পর্যন্ত আসেন সিপিআইএম কর্মীরা। এরপর শহীদ বেদী উদ্বোধন করা হয় ও শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। ঠিক এর পরেই কুসুমতলা বিলোমোড় পর্যন্ত আরজিকর কাণ্ডের প্রতিবাদে একটি প্রতিবাদ মিছিল করা হয়। এদিন উপস্থিত ছিলেন সিপিআইএমএর দক্ষিণ ২৪ পরগনা জেলা নেতৃত্ব দীনেশচন্দ্র পাহাড়ি, দীপক দাস, মুজাহিদ কবির শেরওয়ান, শিক্ষক সংগঠনের সদস্য শান্তনু দাস, মৌশুনি অঞ্চল কমিটির সম্পাদক শেখ হাবিব আলী সহ সিপিআইএম অন্যান্য নেতৃবৃন্দ।



থেকে ১০০ সন্তান জন্ম নিয়েছে। রুমবার্গের তথ্য অনুযায়ী, পাভেল দূরভের মোট সম্পদের পরিমাণ ৯১৫ কোটি মার্কিন ডলার। তাঁর অনেক দেশের পাসপোর্ট ও আবাস রয়েছে। এক দশকের বেশি সময় ধরে তিনি সীমানাহীন এক জীবন যাপন করছেন।

তাঁকে প্রায়ই খালি গায়ে বিভিন্ন দেশে ভ্রমণে যেতে দেখা যায়। গণতান্ত্রিক হোক আর অন্য যেকোনো দেশের সরকারি বিভিন্ন সংস্থার নজরদারি এড়িয়ে মুক্ত যোগাযোগের স্বাধীনতা এনে দিয়েছেন তিনি। তবে দূরভকে

আটকের বিষয়টি এখন নতুন একটি বিতর্ক তৈরি করছে। তাঁর তৈরি টেলিগ্রাম অ্যাপ এন্ড টু এন্ড এনক্রিপশনে প্রযুক্তির মাধ্যমে ব্যবহারকারীদের মধ্যে নিরাপদ যোগাযোগের সুবিধা দেয়। এতে তৃতীয় পক্ষ ঢুকতে পারে না। ধারণা করা হচ্ছে, দূরভকে আটকে টেলিগ্রামের এনক্রিপশন প্রযুক্তিতে হস্তক্ষেপের চেষ্টা করা হতে পারে। ইউরোপীয় ইউনিয়ন বড় প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোকে আরও আনার জন্য যে চেষ্টা চালাচ্ছে, দূরভকে আটক করে বিষয়টি হাসিলের চেষ্টা করা হতে পারে।

সাগরে স্বচ্ছতা পাখওয়াদা অভিযান

দূরন্ত বার্তা, সাগর, ১ সেপ্টেম্বরঃ এ বিশ্ব তথা পৃথিবীকে শিশু র বাসযোগ্য করে যাব আমি, নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার। আজকের শিশু আগামী দিনে মহীচূর, সুষ্বাস্তা ও সুষ্ঠু সমাজ গড়তে, পরিস্কার ও পরিচ্ছন্নতা, স্বচ্ছতা, বৃক্ষরোপণ, জল সংরক্ষণ, প্লাস্টিক বর্জন এবং তামাক মুক্ত সমাজ গড়ার অঙ্গীকার নিয়ে আজ ১লা আগস্ট রবিবার থেকে শুরু হলো সাগরের চৌরঙ্গী প্রাথমিক বিদ্যালয়ের সমগ্র শিক্ষা অভিযানের ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের যৌথিত কর্মসূচি অনুযায়ী স্বচ্ছতা পাখওয়াদা বিদ্যালয় সপ্তাহ পালন অনুষ্ঠান।

সমবেত ভাবে স্বাস্থ্য বিধান গান,শিশু সংসদের স্তা,খাবারের আগে ও পরেহাত ধোয়ার পাঁচটি ধাপশেখানো সেইসঙ্গে কখন কখন হাত ধোওয়া প্রয়োজন তা বলা হয়। জনসচেতনতা র লক্ষ্যে পখ্যাভ্রা, উন্মুক্ত স্থানে শৌচকার্য তথা প্রস্রাব, পায়খানা না করা, জল সংরক্ষণ এবং অপচয় রোধ ও এর উপকারিতা সহ নিরাপদ পানীয় জলের ব্যবহার সম্পর্কে সচেতনতা নিয়ে আলোচনা হয়। সেই সঙ্গে আচার্যী দিনগুলিতে ১৫ই আগস্ট পর্যন্ত নির্ধারিত কর্মসূচি কিকি রয়েছে সেই সকল বিষয়ে সকলকে অবগত করা হয়। স্বচ্ছতা শপথ দিবস, স্বচ্ছতা সচেতনতা দিবস, কমিউনিটি আউট রি চে ডে, গ্রীণস্কুল ডুইভ ডে, স্বচ্ছতা অংশগ্রহণ দিবস, হাত ধোওয়া দিবস,

ব্যক্তিগত সাস্থা বিধি দিবস, স্বচ্ছতা স্কুলে র প্রদর্শনী দিবস, স্বচ্ছতা কর্মপরিকল্পনা দিবস ও সর্বশেষ পুরস্কার বিতরণী দিবস। স্বচ্ছ ভারত সবুজ অভিযান, দিকে দিকে তার আবহানা। ভারত আবার দিচ্ছে ডাক, ময়লা –আবর্জনা দূরে থাকা পরিচ্ছন্ন তাই পরিব্রতা,পরিচ্ছন্ন তাই পরিচয়। স্বচ্ছতা তাই পরিচয়, যত্র তত্র ময়লা,আবর্জনা নয়।এই স্লোগান গুলি কে সামনে রেখে আজ পালিত হলো স্বচ্ছতা দিবস সাগর চৌরঙ্গী অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে। এবারে০২৪এ স্বচ্ছতা পাখওয়াদা মূল থিম হলো, স্বচ্ছ ভারত সবুজ অভিযান। দিকে দিকে তার আস্থান, ভারত আবার দিচ্ছে ডাক, ময়লা, আবর্জনা দূরে যাক।

Name Change
I,SANSKRUTI PUGALIA, DAUGHTER OF DINESH PUGALIA, RESIDING AT REGENT COURT, 5TH FLOOR,FLAT-5A,PHASE -1,BLOCK-2,VIP ROAD, RAGHUNATHPUR, BAGUIATI, PO-DESHBANDHU NAGAR, NORTH 24 PARAGANAS - 700059,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS HEMANTA CHOUDHURY. AN AFFIDAVIT SWORN BEFORE THE LD 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT ALLI-PORE COURT KOLKATA ON 31/08/2024.THAT SANSKRUTI PUGALIA AND SANSKRITI PUGALIA BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I,PRITAM KUMAR KUNDU, SON OF DILIP KUNDU, RESIDING AT 95,SRI ARABINDA SARANI, SHYAMPUR, KOLKATA-700005 WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS PRITAM KUNDU,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 30/08/2024.THAT PRITAM KUMAR KUNDU AND PRITAM KUNDU BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

মালদায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু নাবালক মাঝির, বন্যা কবলিত এলাকায় শোকের ছায়া

মানিকচক, ১ সেপ্টেম্বর : মালদার মানিকচকরে বন্যা কবলিত ভূতনী এলাকায় ঘটে গেল এক মর্মান্তিক ঘটনা। শনিবার সন্ধ্যায় যাত্রী নিয়ে নৌকা পারাপারের সময় হাই ভোল্টেজ বিদ্যুৎ তারের সংস্পর্শে এসে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল কিশোর নাবালক মাঝি ছোটু চৌধুরী। বাড়ি ভূতনীর দক্ষিণ চতুীপুর এলাকায়। দিনভর বন্যা কবলিত এলাকায় টাকার বিনিময়ে যাত্রী পারাপার করছিল ছোটু। শনিবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ শেষবারের মতো মথুরাপুর ভূতনী ব্রিজের কাছ থেকে যাত্রী নিয়ে উত্তর চতুীপুরের খোশবোরটোলায় পৌঁছাব. ছোটু। যাত্রা শেষে বাড়ি ফেরার প্রস্তুতি নিচ্ছিল সে, কিন্তু ঠিক সেই সময় কয়েকজন যাত্রী তাকে জোর করে ভূতনী ব্রিজের কাছে যেতে বাধ্য করে। ব্রিজের দিকে যাওয়ার পথে মথুরাপুর শংকরটোলার কাছে তার নৌকার বোঁটার বাঁশ কোনওভাবে বিদ্যুতের এগারো হাজার ভোল্টবাহী তারে লেগে যায়, ফলে ঘটনাস্থলেই তার মর্মান্তিক মৃত্যু হয়। রবিবার সকালে খবর পেয়ে এন.ডি.আর.এফ-এর টিম ঘটনাস্থলে গিয়ে প্রায় এক ঘণ্টা ধরে তল্লাশি চালিয়ে কিশোর মাঝির নিখের দেহ উদ্ধার করে। এই ঘটনায় ভূতনী এলাকায় শোকের ছায়া



নেমে এসেছে। ঘটনার পরিপ্রেক্ষিতে রবিবার সকাল থেকে পুলিশ প্রশাসনের তরফে ভূতনী ব্রিজ সংলগ্ন এলাকায় সচেতনতামূলক মাইকিং করা হয়। সিভিক ভলান্টিয়াররা নৌকার মাঝিদের বিদ্যুতের তারের নিচ দিয়ে সাবধানে নৌকা চালানোর নির্দেশ দেন, যাতে ভবিষ্যতে এই ধরনের মর্মান্তিক ঘটনার পুনরাবৃত্তি না ঘটে।

সেপ্টেম্বরের শুরুতেই বাড়ল বাণিজ্যিক সিলিভারের দাম



কলকাতা, ১ সেপ্টেম্বর : বাণিজ্যিক সিলিভারের দাম বাড়া আবার। প্রতি মাসের ১ তারিখ রান্নার গ্যাসের নতুন দাম প্রকাশ হয়। পয়লা সেপ্টেম্বর থেকে বর্ধিত দামে মিলবে বাণিজ্যিক সিলিভার। উল্লেখ্য, আগস্টে বাণিজ্যিক গ্যাস সিলিভার পিছু দাম বেড়েছিল ৮.৫০ টাকা।

সেবার কলকাতায় সিলিভার পিছু দাম বোঁে হয়েছিল ১,৭৬৪.৫০ টাকা।

আর এবার সেই দাম আরও ৩৮ টাকা বেড়ে দাঁড়িয়েছে ১,৮০২.৫০ টাকা।

এই নিয়ে দু'দফা মিলিয়ে বাণিজ্যিক সিলিভারের দাম বাড়ল প্রায় ৪৭ টাকা। প্রসঙ্গত, বাড়িতে রান্নার কাজে যে ১৪.২ কেজির এলপিগিজ সিলিভার ব্যবহার করা হয়, তার দামে কোনও পরিবর্তন ঘটছে না। গৃহস্থের রান্নার গ্যাসের দাম ৮-২৯ টাকাই থাকছে বলে জানা গেছে।

আলিপুরদুয়ার-কোচবিহার রুটে বন্ধ ১২টি বাস, যাত্রীদের হয়রানি

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১ সেপ্টম্বর : আলিপুরদুয়ার-কোচবিহার রুটে প্রতিদিন পরিবেশা দেওয়া ১২টি এনবিএসটিসির ৩৬ আসনের বাস রবিবার থেকে আর রাস্তায় নামতে দেখা যাবে না। দুই জেলা শহরের মধ্যে সাঁক যোগাযোগের ক্ষেত্রে যাত্রী দুর্ভোগ হতে পারে। বাস বন্ধের বিষয়ে একটি সরকারি নির্দেশিকা পেয়েছে আলিপুরদুয়ার ডিপো। ১৫ বছর ধরে চলা বাসগুলি আর রাস্তায় পরিষেবার কাজে নামানো যাবে না, এই নির্দেশিছ পেয়েছে এনবিএসটিসির আলিপুরদুয়ার ডিপো। সংস্থার চেয়ারম্যান পার্থপ্রতিম রায়ের কথায়, ‘ বছর উত্তীর্ণ বাস চলাচল বন্ধ করে দেওয়ায় যাত্রী পরিষেবার কিছুটা সমস্যা হতে পারে। সংস্থার যে ১০ শতাংশ বাস সবসময় রিজার্ভে রাখা হয়, সেই বাসগুলি আপাতত রাস্তায় যাত্রী পরিষেবার কাজে নামানো হবে। সিএনজির নতুন ৩০টি বাস পাওয়া যাবে। ইতিমধ্যে চারটি সিএনজি বাস পেয়েছি। বাকিগুলোও দ্রুত পাবা।’ আলিপুরদুয়ার-কোচবিহার রুটে প্রতিদিন ১০ মিনিট অন্তর অন্তর একটি বাস আলিপুরদুয়ার ও কোচবিহার ডিপো থেকে দুই জেলা শহরের উদ্দেশে রওনা হয়। ঘনঘন বাস চললেও যাত্রীর চাপ এতটাই থাকে যে, ওই রুটে কখনোই ফাঁকা বাস চালাতে হয় না। সরকারি নির্দেশিকা মেনে আজ থেকে একসঙ্গে কোচবিহার ডিপোর সাতটি ও আলিপুরদুয়ার ডিপোর পাঁচটি বাস নামানো হবে না। ফলে সোমবার অধিস টাইমে যাত্রীদের ভোগান্তি হতে পারে। আলিপুরদুয়ার ডিপোতে ৪৬টি বাস বিভিন্ন রুটে চালানো হতা এরমধ্যে রবিবার থেকে ৪১টি বাস চালানো সম্ভব হবে। একদিকে বাসের সংখ্যা কমে যাওয়া ও নতুন করে বাস ডিপোতে না আসায় যাত্রীর চাপ কীভাবে সামাল দেনেন, সেটা চিন্তার কারণ হয়ে গিয়েছে ডিপোর কর্মীদের। কোচবিহারের একটি বেসরকারি সংস্থায় কাজ করেন আলিপুরদুয়ারের বাসিন্দা প্রদীপ সরকার। তিনি বলেন, ‘ সরকারি বাসে কোচবিহারে যাতায়াত করি। কিন্তু একসঙ্গে এতগুলো বাস বসে গেলে, ও বিকল্প বাস না এলে সময়ে গন্তব্যে যাতায়াত করা কঠিন হয়ে উঠবে। পূজোয় এক-দো মাস আগে থেকে এরমিটেই বাসে যাত্রীর ভিা বোঁে যায়। সমস্যা দেখা দেবে।’



এক চা-র মেলার অনুষ্ঠানে লিফ এন্ড লাইফ এর ওয়েবসাইট লিথিং এ সংস্থার দুই কর্ণধার ও টিভি তারকা অম্বরিশ। ছবি নিজস্ব।

পর্যটন ব্যবসায় মানোন্নয়নে পথে সিকিমও, স্বীকৃতিহীন পর্যটন ব্যবসায় কড়াকড়ি

দুরন্ত বার্তা, দার্জিলিং, ১ সেপ্টেম্বর : সরকারি নিয়ম মেনে কেউ জিএসটির টাকা গুনছেন, কেউ কেউ আবার শুধুমাত্র পলিবুক ব্যবস্থার করে ব্যবসায় মুনাফা তুলছেন। বিষয়টি নিয়ে দীর্ঘদিন ধরেই প্রশ্ন রয়েছে পর্যটন মহলে। এমন পরিস্থিতির পরিবর্তন ঘটাতে তৎপর হল প্রেমসিং তামাংয়ের প্রশাসনা। সরকারি স্বীকৃতি ছাড়া পর্যটন ব্যবসা করা যে যাবে না, তা স্পষ্ট করে দিল সিকিম সরকার। তবে শেষ সুযোগ হিসেবে নাম নথিভুক্তির জন্য ১৫ সেপ্টেম্বর পর্যন্ত সময় বেঁধে দেওয়া হয়েছে। অন্যথায় যে জরিমানার পাশাপাশি অস্থানাগ ব্যবস্থা নেওয়া হবে, তাও সরকারি নির্দেশিকায় স্পষ্ট

করে দেওয়া হয়েছে। অবশেষে পর্যটন ব্যবসায় কড়া পদক্ষেপ সিকিমের। সরকারি স্বীকৃতি ছাা এখন থেকে আর কেউ পাহাড়ি রাজ্যেতে পর্যটন ব্যবসা করবে না। পর্যটনের নামা ফ্রেমে বিস্তর অভিযোগ ওঠে সিকিমে। বেসাইনিভাবে চড়া ভাড়া নেওয়ার অভিযোগ পৌঁছায় পর্যটনমন্ত্রকেও, যা নিয়ে মন্ত্রকের তরফে সিকিমকে সতর্ক ও করা হয়। কিন্তু গাড়িচালকদের সংগঠনগুলিকে সতর্ক করার বাইরে তেমন কোনও পদক্ষেপ করতে পারেনি সরকার। কারণ

সিংহভাগ চালক এবং পরিবহণ ব্যবসায়ীর পর্যটন স্বীকৃতি সংক্রান্ত নথি না থাকায় বা তথ্যের নাম পর্যটন ব্যবসায়ী হিসেবে নিষিদ্ধ না থাকায় অনেকের মতেই অভিযোগ। এই প্রসঙ্গে কয়েকদিন আগেই তারাপিঠ মণ্ডির কমিটির সক্রিয় হয়ে উঠেছে এই অসাড় চক্রটি, এমনই অভিযোগ। তারাপিঠ মণ্ডির কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, মণ্ডিদের পক্ষ থেকে কোনও অনলাইন পুজো দেওয়ার ব্যবস্থা নেই। মণ্ডির কমিটির সভাপতি তারামঘ. মুখোপাধ্যায় জানান, আমাদের মণ্ডিদের কোনও অনুমোদিত অনলাইন ওয়েবসাইট নেই। তাই অনলাইন পুজোর নামে প্রতারণার ফাঁদে না পড়ে সতর্ক থাকতে হবে। তিনি আরও জানান, যাঁরা পুজো দিতে চান, তাঁরা

১২ হাজার টাকায় সন্তান বিক্রির অভিযোগ বাবা-মায়ের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, কোচবিহার, ১ সেপ্টেম্বর : নিজের কোলের সন্তানকে মাত্র ১২ হাজার টাকায় বিক্রি করে দেওয়ার অভিযোগ। সেই অভিযোগ উঠল বাবা-মায়ের বিরুদ্ধে। বিশেষ সূত্রে জানতে পারা গিয়েছে, কোচবিহার পুরসভার ভবঘুরেদের জন্য আশ্রয়স্থল ‘ শেখপরশু কোচবিহার পুরসভা কর্তৃপক্ষ, চাইন্ডলাইন ও পুলিশ উদ্যোগী হয়ে শিশুটিকে কোচবিহার শহর সংলগ্ন এলাকা থেকে উদ্ধার করে। বর্তমানে তাকে কোচবিহার শহিদ বন্দনা হোমে রাখা হয়েছে। কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, ‘ বাবা-মা দীর্ঘদিন ধরে পুরসভার ‘ আবাসনে ছিলেন। সেখানেই বাচ্চাটির জন্ম হয়। সম্প্রতি একটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে ও পুরসভার সহযোগিতায় আবাসনেই তার আনুষ্ঠানিকভাবে অন্নপ্রাশন হয়। তার কয়েকদিন বাদেই বাবা-মা শহরের এক নিঃ সন্তান দম্পতির কাছে ১২ হাজার টাকায় শিশুটিকে চূপ করে বিক্রি করে দেন। বিষয়টি জ্ঞানার পর পুলিশের সহযোগিতায় তাকে আমরা উদ্ধার করি। যদিও শিশুটিকে কার কাছে বিক্রি করা হয়েছিল সে বিষয়ে চেয়ারম্যান কিছু বলতে চাননি। শহরের গৃহহীন গরিব মানুষ ও ভবঘুরেদের নিখরচায় থাকা-খাওয়ার জন্য পুরসভার তরফে আবাসনটি করা হয়েছে। সেখানেই প্রায় ১৬-১৪ মাস ধরে রতন বণিক ও ঝুস্পা



বণিক নামে এক দম্পতি ছিলেন। বর্তমানে আবাসনে ১৬ জন আবাসিক রয়েছেন। আবাসন সূত্রে জানা গিয়েছে, ছয়-সাত মাস আগে সেখানেই কন্যাসন্তানের জন্ম দেন ঝু স্পা। চলতি মাসে একটি স্বেচ্ছাসেবী সংগঠন ও কোচবিহার পুরসভার উদ্যোগে আবাসনে ঘটা করে শিশুটির অন্নপ্রাশনও হয়। অন্নপ্রাশনের বিভিন্ন ছবি এখনও আবাসনের দেওয়ালে লাগানো রয়েছে। বাবা-মা কেন নিজেদের সন্তানকে বিক্রি করলেন, সেটা কি অভাবের তাড়নায়, নাকি কন্যাসন্তান বলে? এর পিছনে অন্য কোনও কারণ রয়েছে? আবাসনের কয়েকজন কর্মী শুক্রবার বলেন, বাচ্চাটি গর্ভাবস্থায় থাকাকালীনই আমরা আবাসনের অন্য

আবাসিকদের মারফত জানতে পারি বাচ্চাটিকে বিক্রি করে দেওয়ার পরিকল্পনার কথা। এমনকি শিশুটি জন্মানোর পর বাবা-মা তাকে স্নান করানো-খাওয়ানো পর্যন্ত ঠিকমতো করাতেন না। এই নিয়ে আমাদের সঙ্গে তাঁদের মারোমধ্যে বাগবিতণ্ডাও হয়েছে। অন্নপ্রাশনের কয়েকদিন বাদে বাচ্চাটিকে নিয়ে ওই দম্পতি কয়েকদিনের জন্য ঘুরতে যান। চার-পাঁচদিন বাদে ঘুরে আসার পর আমরা দেখি তাঁদের সঙ্গে বাচ্চা নেই। জিজ্ঞাসা করা হলে তাঁরা প্রথমে জানান, ওই মহিলার মায়ের কাছে রেখে এসেছেন। আমরা এরপর তাঁর মায়ের বাড়ি যেতে চাইলে তাঁরা বলেন, সন্তান দিনহাটায় রয়েছে। দিনহাটায় যাওয়ার কথা বললে তাঁরা আবার

অন্য কথা বলেন। আমাদের সন্দেহ হওয়ায় উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাই। পুলিশ সকালে এসে তাঁদের জিজ্ঞাসাবাদ করলে শহরের ব্যাংচাতরা রোড সংলগ্ন এলাকার কথা বলেন। এরপর কর্তৃপক্ষ ও পুলিশের নির্দেশে আবাসনের ম্যানেজার ও একজন কর্মী এবং বাচ্চাটির বাবা গিয়ে শিশুটিকে নিয়ে আসেন। কোথা থেকে বাচ্চাটিকে নিয়ে আসা হয়েছে আবাসনের ম্যানেজার তা জানেন না বলে জানিয়েছেন। শেষপর্যন্ত নতুনপল্লি এলাকায় ঝুস্পার বাপের বাড়িতে গেলে সেখানে তাঁর দিদি টুস্পা বলেন, ‘ ১৬-১৪ দিন আমরা বাবা ও বোনজামাই এখানেই ছিল। বাচ্চার বিক্রির বিষয়ে তারা কিছু বলেনি।

বিজেপির কৌন্দলের প্রভাব মতুয়া মহাসংঘে, শীর্ষপদ খোয়ালেন বনগাঁ উত্তরের বিধায়ক



দুরন্ত বার্তা, বনগাঁ, ১ সেপ্টেম্বর : অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি পদ থেকে সরান হল বিজেপি বিধায়ক অশোক কীর্তিনিয়াকে। বনগাঁ উত্তর কেন্দ্রের বিধায়কের পাশাপাশি এই দায়িত্ব সামলাচ্ছিলেন তিনি। বছর চারেক তিনি এই পদে ছিলেন। তাঁর জারগায় আনা হল হিমাংক বিশ্বাস নামে এক মতুয়া ভক্তকে। এই

সিদ্ধান্তের পর থেকেই জেলায় শুরুরাজনৈতিক তরঙ্গ। আবারও বিজেপির গোষ্ঠী কৌন্দল সামনে এসে গিয়েছে বলে কটাক্ষ করেছে তৃণমূল। তাদের দাবি, অশোক কীর্তিনিয়ার সঙ্গে শান্তনু ঠাকুরের সম্পর্কের অবনতি হওয়ায় তাকে সরতে হয়েছে। তবে বিজেপি সাংসদের বক্তব্য, কোনও কোন্দল নয় বেশ কয়েকবছর ধরে অশোক

কৌশিকী অমাবস্যা, তারাপীঠে অনলাইন পুজোর প্রতারণা চক্র, সতর্কতার আহ্বান মন্দির কমিটির

তারাপিঠ, ১ সেপ্টেম্বর : কৌশিকী অমাবস্যার তিথি আসতেই তারাপিঠে ফের সক্রিয় হয়ে উঠেছে অনলাইনে পুজো দেওয়ার নামে প্রতারণা চক্র। ধর্মবিশ্বাসী মানুষজন পুজো দেওয়ার জন্য হাজার হাজার টাকা অনলাইনে পাঠিয়ে প্রতারণিত হচ্ছেন বলে অভিযোগ। এই প্রসঙ্গে কয়েকদিন আগেই তারাপিঠ মণ্ডির কমিটির তরফ থেকে সিউডি সাইবার ক্রাইম শাখায় একটি অভিযোগ দায়ের করা হয়েছিল। অভিযোগের পর কিছুদিন প্রতারণার ঘটনা কম থাকলেও কৌশিকী অমাবস্যায় আগে আবারও সক্রিয় হয়ে উঠেছে এই অসাড় চক্রটি, এমনই অভিযোগ। তারাপিঠ মণ্ডির কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, মণ্ডিদের পক্ষ থেকে কোনও অনলাইন পুজো দেওয়ার ব্যবস্থা নেই। মণ্ডির কমিটির সভাপতি তারামঘ. মুখোপাধ্যায় জানান, আমাদের মণ্ডিদের কোনও অনুমোদিত অনলাইন ওয়েবসাইট নেই। তাই অনলাইন পুজোর নামে প্রতারণার ফাঁদে না পড়ে সতর্ক থাকতে হবে। তিনি আরও জানান, যাঁরা পুজো দিতে চান, তাঁরা



নিজেদের পরিচিত পুরোহিতের সঙ্গে যোগাযোগ করে পুজোর ব্যবস্থা করতে পারেন। কোনও অজানা অনলাইন লিঙ্কে বিশ্বাস করবেন না। প্রসঙ্গত, করোনা মহামারির সময় থেকেই এই প্রতারণা চক্র সক্রিয় হয়ে ওঠে। করোনাকালে মানুষ অনলাইন দানের মুগ্ধ হয়ে পড়ায়, সেই সুযোগকে কাজে লাগিয়ে প্রতারকরা দেব-দেবীর পুজোর নামেও অনলাইনে প্রতারণা শুরু করে। তাদের ফাঁদে পড়ে বহু ধর্মপ্রাণ মানুষ আর্থিক ক্ষতির

সম্মুখীন হয়েছেন। উল্লেখ্য, কৌশিকী অমাবস্যা তারাপিঠ মণ্ডি দলের অন্যতম বড় উসব, যেখানে লক্ষ লক্ষ ভক্তের সমাগম হয়। এবছরও সেই একই দৃশ্য দেখা যাবে বলে আশা করা হচ্ছে। তারাপিঠ চক্ররকে ইতিমধ্যেই কড়া নিরাপত্তার চাদরে মুগ্ধকোঁ হতে হবে। তবে মণ্ডি দর কর্তৃপক্ষ ও প্রশাসন ধর্মপ্রাণ মানুষদের সতর্ক থাকার আবেদন জানিয়েছে, যাতে তাঁরা প্রতারণার শিকার না হন।

দৌষী ব্যক্তিদের শাস্তির দাবিতে এনজেপি থানায় বিক্ষোভ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১ সেপ্টেম্বর : আর জি কর সমর্থনে পথে নেমেছিলেন ডাবগ্রাম ফুলবাড়ীর বিধায়িকা দিন কেটে গেল এখনো দৌষীরা অথরা। তবে উপযুক্ত শাস্তি যেন প্রকৃত দৌষীরা পায়, এই দাবিতে লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছে চিকিসক সহ রাজ্যের সাধারণ হন শিখা চ্যাটার্জী, আক্রান্ত হন উপস্থিত অলপাইগুড়ি মানুষ। প্রতিদিন প্রতিনিয়ত আন্দোলন গড়ে তোলা হচ্ছে এমপি ডাক্তার জয়ন্ত রায়। তার গাড়ির উপরও হামলা রাজনৈতিক অরাজনৈতিক ভাবে। গত ২৭ শে আগস্ট চালায় তৃণমূল কর্মীরা। এমন ঘটনার পরও দৌষীরা অথরা। আরজিকার কান্ডের প্রতিবাদে নবাব অভিযানের সামিল হয় ছাত্র সমাজে। সেই অভিযান ঘিরে ধুম্‌ধামার কাণ্ড গ্রহণ করে বিজেপির ৬ নম্বর মণ্ডল কমিটি। বিধায়িকা বাধে পুলিশ ও আন্দোলনকারীদের মধ্যে। ছাত্রদের শিখা চ্যাটার্জীর উপস্থিতিতে এই কর্মসূচি গ্রহণ করা হয়। ওপর পুলিশী হামলার প্রতিবাদে ২৮শে আগস্ট ১২ অনাদিকে পুলিশের পক্ষ থেকে বিশাল পুলিশ ব্যারিগেট ঘণ্টার বন্ধের ডাক দেয় বিজেপি। বনধকে সার্থক করতে

পথে নামে বিজেপি কর্মীরা।শিলিগুড়িতেও এদিন বন্ধের সমর্থনে পথে নেমেছিলেন ডাবগ্রাম ফুলবাড়ীর বিধায়িকা শিখা চ্যাটার্জী। এনজেপি এলাকায় বনধ প্রচারে গেলে সেখানেই পুলিশের সামনে তৃণমূল কর্মীদের দ্বারা আক্রান্ত হন শিখা চ্যাটার্জী, আক্রান্ত হন উপস্থিত অলপাইগুড়ি মানুষ। প্রতিদিন প্রতিনিয়ত আন্দোলন গড়ে তোলা হচ্ছে এমপি ডাক্তার জয়ন্ত রায়। তার গাড়ির উপরও হামলা রাজনৈতিক অরাজনৈতিক ভাবে। গত ২৭ শে আগস্ট চালায় তৃণমূল কর্মীরা। এমন ঘটনার পরও দৌষীরা অথরা। আরজিকার কান্ডের প্রতিবাদে নবাব অভিযানের সামিল হয় ছাত্র সমাজে। সেই অভিযান ঘিরে ধুম্‌ধামার কাণ্ড গ্রহণ করে বিজেপির ৬ নম্বর মণ্ডল কমিটি। বিধায়িকা বাধে পুলিশ ও আন্দোলনকারীদের মধ্যে। ছাত্রদের শিখা চ্যাটার্জীর উপস্থিতিতে এই কর্মসূচি গ্রহণ করা হয়। ওপর পুলিশী হামলার প্রতিবাদে ২৮শে আগস্ট ১২ অনাদিকে পুলিশের পক্ষ থেকে বিশাল পুলিশ ব্যারিগেট ঘণ্টার বন্ধের ডাক দেয় বিজেপি। বনধকে সার্থক করতে

গভীর রাতে আগুনে পুড়ে গেল একটি বড় মাপের কীটনাশকের দোকান



দুরন্ত বার্তা, রাজগঞ্জ, ১ সেপ্টেম্বর : গভীর রাতে আগুনে পুড়ে গেল একটি বড় মাপের কীটনাশকের দোকান। শনিবার গভীর রাতে এই অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে রাজগঞ্জের ভুটকি হাটে। প্রায় ১৫ লক্ষ টাকার কেমিক্যাল ও মেডিসিন পুড়ে গিয়েছে। দোকান মালিক অসীম মজুমদার বলেন, তিনি শনিবার রাত দশটা নাগাদ দোকান বন্ধ করে বাড়ি চলে যান। দোকান থেকে কিছুটা দূরেই তার বাড়ি। রাত সাড়ে তিনটা নাগাদ বাজারঘে এক দোকানদার হারাবন সাহার নজরে পড়ে ওই কীটনাশকের দোকানের ভিতরে আগুন লেগেছে। তিনি ছুটে গিয়ে ওই দোকানের মালিককে আগুন লাগার খবরটি জানান। দোকান মালিক অসীম মজুমদার দ্রুত সেখানে পৌঁছে শিটার খুলে দেখেন ভিতরের সবকিছু পুড়ে ছাই হয়ে গিয়েছে। স্থানীয়দের সহযোগিতায় আগুন নিভিয়ে ফেলা হয়। দোকান মালিক বলেন, দোকানে বিদ্যুৎ থাকলেও শুধু লাইট এবং একটি ফ্যান চালানো হয়। তিনি সব ঠিকঠাক বন্ধ করেই বাড়িতে গিয়েছিলেন। কিন্তু কি করে আগুন লাগল তা বুঝে উঠতে পারছেন না। প্রায় ১৫ লক্ষ টাকার কেমিক্যাল ও মেডিসিন পুড়ে ছাই হয়ে গিয়েছে। খবর পেয়ে রাজগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দন্ত শুরু করেছে।

বিএসএফ-এর মিজোরাম-কাছাড় ফ্রন্টিয়ারের আইজির অবসর

করিমগঞ্জ, ১ সেপ্টেম্বর : সুদীর্ঘ ৩৭ বছরের বেশি, বর্ষিল পেশাগত জীবন সাফল্যের সাথে সম্পন্ন করে দেশরক্ষার দায়িত্ব পালনের মধ্য দিয়ে নিজের কর্মজীবন থেকে অবসর নিয়েছেন বিএসএফ-এর মিজোরাম-কাছাড় ফ্রন্টি য়ারের ইলপেক্টর জেনারেল অখিলেশ্বর সিং। তাঁর অবসর উপলক্ষ্যে শনিবার রাতে কাছাড় জেলার অন্তর্গত মাসিমপুরে অবস্থিত সেক্টর হেডকোয়ার্টারে বড়খানা, সাংস্কৃতিক অনুষ্ঠান সহ বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। বিদায়ী কর্মকর্তার সুন্দর জীবন ও সুস্থতা কামনা করে বক্তব্য পেশ করেছেন ফ্রন্টিয়ার সহ ব্যাটালিয়নের অন্যান্য আধিকারিকরা। পেশাগত ও ব্যক্তি জীবনের নানা দিক তুলে ধরে বক্তব্য পেশ করেন অনেকে। একজন সফল কর্মকর্তা হিসেবে তাঁর কর্মজীবনে পেশাগত দক্ষতার ছাপ রাখতে সক্ষম হয়েছেন বলে মতামত তুলেন ধরেন বক্তারা। সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী আইজি অখিলেশ্বর সিং সর্বসত্ত্বের পদাধিকারী এবং সহকর্মীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সাধারণ জনগণ, বিশেষ করে সীমান্তবর্তী এলাকার মানুষের বন্ধু হওয়ার লক্ষ্যে কাজ করার জন্য বিএসএফ কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সীমান্তে বিএসএফ-এর কাজ চ্যালেঞ্জিং। প্রতিদিনই কোনও না-কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে হয়। দেশরক্ষার গুরুদায়িত্ব জওয়ানদের কাঁধে। তাই নিজেদের দায়িত্ব পালনে কোনও ধরনের কম্প্রমাইজের অবকাশ নেই। প্রসঙ্গত, গত বছর মার্চ মাসে পদোন্নতি পেয়ে ফ্রন্টিয়ারের আইজি হিসাবে যোগদানকারী অখিলেশ্বর সিং প্রাথমিকভাবে ১৯৮৭ সালের অক্টোবরে সহকারী কমান্ড্যান্ট হিসাবে বিএসএফ-এ যোগদান করেন। কর্মজীবনে তিনি কোম্পানি সহ ব্যাটালিয়নকে অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সাথে নেতৃত্ব দিয়েছেন। ব্যাটালিয়নের স্টাফ অফিসার (অ্যাজুট্যান্টকিউএমটিআরজি অফিসারডিউতি) হিসেবে শৃঙ্খলার উচ্চমান বজায় রাখতে, অপারেশনের দক্ষ সমন্বয়, অভিযোগের সমাধান এবং জওয়ানদের অনুপ্রেরণা হিসেবে ব্যাটালিয়নের কাজে সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা প্রদর্শন করে গেছেন তিনি। বিশাল পেশাদারী দক্ষতা এবং ক্রমাগত কঠোর পরিশ্রমের দরুন তিনি সফলভাবে সামল পিএসএফ শর্তাবলী পূরণ করে নিয়মিত পদোন্নতি অর্জন করেছেন। অখিলেশ্বর সিং ছিলেন পেশাগতভাবে পরিপক্ব এবং সামাজিক। ১৯৯৪ সালে পিএমজি এবং ২০১৪ সালে পিএমএমএস অ্যাওয়ার্ড পেয়েছেন তিনি। আইজি হিসেবে মিজোরাম-কাছাড় ফ্রন্টিয়ার থেকে অবসর নেওয়ার আগে একই ফ্রন্টিয়ারে ২০১৫ থেকে ২০১৮ সালে ডিআইজি (অপারেশনস)-এর দায়িত্ব পালন করেছেন অখিলেশ্বর।

কাশী বিশ্বনাথ মন্দির দর্শন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের

বারাণসী, ১ সেপ্টেম্বর : রবিবার দুপুরে কাশী বিশ্বনাথ মন্দির দর্শন করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। কোদিনের সফরে এসে তিনি মন্দির দর্শন ও বিগ্রহের পূজার পর অভিসেক করেন। তিনি দেশ ও রাজ্যবাসীর সুখ-শান্তি প্রার্থনা করেন। এসময়, মুখ্যমন্ত্রীকে দেখে মন্দির প্রাঙ্গণে উপস্থিত ভক্তরা ‘হর হর মহাদেব’ স্লোগান দিতে থাকেন। মুখ্যমন্ত্রীও তাঁদের হাত জোড় করে শুভেচ্ছা জানান। মন্দিরে দর্শন ও পূজার পর মুখমন্ত্রী যোগী আদিত্যনাথ কাশীর কোতোয়াল বাবা কালভরবের মন্দিরও দর্শন করেন ও সেখানেও পূজা করেন। তারপর একটি কর্মশালায় অংশগ্রহণের জন্য যান।

মুক্তিপ্রাপ্ত ব্যক্তির দেহ উদ্ধার

হরিদ্বার, ১ সেপ্টেম্বর : রবিবার উত্তরাখণ্ডের রুরকিতে জেল থেকে ছাড়া পাওয়া এক ব্যক্তির দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।জানা গেছে, নিহত হরিশ ওরফে মনি রুরকি গঙ্গানাহার কোতোয়ালি এলাকার আশ্বর তালাব এলাকায় থাকতেন। গত শনিবার সকলেই হরিশ জেল থেকে ছাড়া পান। শনিবার সন্ধ্যায় পুরাতন তহসিল এলাকার মাহালি মহল্লা চাকের কাছে তার মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। দেহ উদ্ধারের পর এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

বিগ ব্যাশে টিম পেলেন না ভারত অধিনায়ক হরমনপ্রীত!

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বরঃ আন্তর্জাতিক ক্রিকেটের অন্যতম তারকা। বিগ হিট। ভারতীয় দলের অধিনায়ক। কিন্তু এ বারের বিগ ব্যাশ লিগের ড্রাফ্টে অধিক্রীতই থেকে গেলেন হরমনপ্রীত কৌর। যা চমকে দেওয়ার মতোই। বিশ্ব ক্রিকেটে তাঁর মতো কার্যকরী ক্রিকেটার খুব কমই আছে। অথচ হ্যারি টিমই পেলেন না! মেয়েদের বিগ ব্যাশ লিগে ড্রাফ্টের আগেই ভারতীয় দলের ভাইস ক্যাপ্টেন স্মৃতি মাঙ্কানাকে সই করিয়েছিল ডিফেন্ডিং চ্যাম্পিয়ন অ্যাডিলেড স্ট্রাইকার্স। সব মিলিয়ে ছয় ভারতীয় ক্রিকেটারকে বিগ ব্যাশে দেখা যাবে। সামনেই টি-টোয়েন্টি বিশ্বকাপ। আরব আমির শাহিতে বসছে বিশ্বকাপের আসর। এরপর বিগ ব্যাশ। ড্রাফ্টে নজর ছিল ভারতের ১৯ ক্রিকেটারের উপর। বিদেশি ক্রিকেটারদের মধ্যে অনেকেই রেজিস্টার করিয়েছিলেন এই টুর্নামেন্টের জন্য। হরমনপ্রীত কৌর অতীতে বিগ ব্যাশে খেলেছেন। এ বার হল না।

সূর্য-শ্রেয়সের ফোকাস টেস্ট বুচি বাবুতে ব্যর্থ দলীপেই ‘শেষ’ সুযোগ’?

দুর্ঘত্ত বার্তা প্রতিবেদন

লাল বলের ক্রিকেটে মানিয়ে নেওয়া সব সময় সহজ নয়। সকল ক্রিকেটার লাল বলে খেলার স্বপ্ন দেখেন। তার জন্য অনেক পরিশ্রমও করেন। ক্যালেন্ডার বলাছে আজ ১ সেপ্টেম্বর। ১৯ সেপ্টেম্বর থেকে দেশের মাটিতে শুরু হবে ভারত-বাংলাদেশ টেস্ট সিরিজ। এই সিরিজই এখন একাধিক ভারতীয় ক্রিকেটারের পাখির চোখ। সম্প্রতি বুচি বাবু টুর্নামেন্টে মুম্বইয়ের হয়ে খেলেছেন সূর্যকুমার যাদব ও শ্রেয়স আইয়ার। তাঁরা দু'জনই বাংলাদেশের বিরুদ্ধে ভারতের টেস্ট টিমে নিজেদের জয়গা পাকা করতে চান। বুচি বাবুতে সেই অর্থে দুই ভারতীয় তারকা দাগ কাটতে পারেননি। অবশ্য তাঁদের সামনে আরও সুযোগ রয়েছে। কারণ সামনেই দলীপ ট্রফি। এই দলীপেই কি শেষ সুযোগ পাবেন সূর্যকুমার



হবে ভারতের টেস্ট স্কোয়াড? তা নিয়ে আলোচনা চলছে। দলীপ ট্রফির প্রথম রাউন্ড শুরু হবে ৫ সেপ্টেম্বর থেকে। রোহিত শর্মা, বিরাট কোহলি, জসপ্রিত বুদরারা এ

জন্য দলীপে নজর থাকবে নির্বাচকদের। আসলে দলীপ ট্রফির প্রথম রাউন্ডে একাধিক আন্তর্জাতিক ক্রিকেটারকে অ্যাকশনে দেখা যাবে। সেখানে তাদের পারফরম্যান্স দেখে

বাংলাদেশ টেস্ট সিরিজের জন্য বেছে নেওয়া হবে বলেই মনে করছে ক্রিকেট মহলা। বুচি বাবু টুর্নামেন্টে সূর্যকুমার যাদব, শ্রেয়স আইয়াররা আশানুরূপ পারফর্ম করতে পারেননি। তামিলনাড়ু একাদশের বিরুদ্ধে প্রথম ইনিংসে শ্রেয়স ৩ বলে ২ রান করেন। আর তিনি দ্বিতীয় ইনিংসে ৭৯ বলে ২২ রান করেন। অন্যদিকে সূর্যকুমার যাদব প্রথম ইনিংসে ৬৮ বলে ৬০ রান করেন। তামিলনাড়ুর বিরুদ্ধে ফিল্ডিংয়ের সময় তিনি হাতে চোট পান। যে কারণে আর দ্বিতীয় ইনিংসে স্ক্রাই ব্যাট করতে পারেননি। এ বার দেখার তিনি দলীপে খেলতে পারেন কিনা। অন্যান্য ক্রিকেটারদের মতো স্ক্রাই ও শ্রেয়সের দিকেও দলীপে বিশেষ নজর থাকবে। সেখানে ভালো পারফরম্যান্স তুলে ধরতে পারলে, টেস্ট টিমে দু'জনের জন্যই দরজা খুলে যেতে পারে।

অবশেষে থামল লেভারকুসেনের অপরাজেয় যাত্রা

মিউনিখ, ১ সেপ্টেম্বরঃ কতবার যে গত মরসুমে লেখা হয়েছে কথাগুলো-ম্যাচের অস্তিম মুহূর্তের গোলে বায়ার লেভারকুসেনের জয় অথবা যোগ করা সময়ের দলো জাবি আলোনসোর গোলের ড্র! গত মরসুমে লেভারকুসেনের জন্য এটা যেন ‘নিয়ম’-এ পরিণত হয়ে গিয়েছিল। সেই লেভারকুসেনই গতকাল হারল ম্যাচের শেষ দিকে

গোল খেয়ে! ৪৫ মিনিটের মধ্যে ২-০ গোলে পিছিয়ে পড়া লাইপজিগ একটা গোল শোধ করে প্রথমার্ধের যোগ করা সময়ের সপ্তম মিনিটে। ৫৭ মিনিটে সমতায় ফেরে তারা। এরপর ৮০ মিনিটে গোল লেভারকুসেনের ম্যাচটিতে লেভারকুসেনকে ৩-২ ব্যবধানে হারিয়েছে তারা। দ্বিতীয়ার্ধের শেষ দিকে লাইপজিগের লুইস ওপেনদার ওই গোলে বুন্দেসলিগায় বিস্ময়প্রায়



হারের ততোহা স্বাদ পেল লেভারকুসেন। লিগে টানা ৩৫ ম্যাচ অপরাজিত থাকার পর এই হার


আলোনসোর দলের। গত মরসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে একটি ম্যাচই হেরেছিল লেভারকুসেন। সেটি ইউরোপা লিগের ফাইনালে, আতালান্তার কাছে। আর জার্মান বুন্দেসলিগায় তারা সর্বশেষ হেরেছিল ২০২২-২৩ মরসুমের শেষ দিন বোখুমের কাছে-৪৬২ দিন আগে। লেভারকুসেনকে হারিয়ে নিজেদের অপরাজেয় যাত্রাটা ১৬-তে নিয়ে গেছে লাইপজিগ

লাইপজিগের কাছে হেরে যাওয়ার পর লেভারকুসেনের কোচ আলোনসো বলেছেন, “এটা ভালো ইঙ্গিত নয়। এটা আমাদের শোষণাতে হবে এবং আরও ভালো খেলতে হবে।” আলোনসো এরপর যোগ করেন, “আমাদের সবকিছুতে উন্নতি করতে হবে। তবে অনেক ইতিবাচক দিকও খুঁজে পাচ্ছি। হারটা আমাদের প্রাপ্য ছিল বলে আমি মনে করি না।”

আর্লিং হলান্ড দেখাচ্ছেন, হ্যাটট্রিক করা কত সহজ

ম্যানচেস্টার, ১ সেপ্টেম্বরঃ স্ট্রাইকারদের জন্য গোল করা তুলনামূলক সহজ। কিন্তু হ্যাটট্রিক করা নিশ্চয়ই অত সহজ নয়! ২১ শতকে ক্যারিয়ারে ৬০টি হ্যাটট্রিক করেইই খ্রিস্টানো রোনাল্ডোকে খেলেতে হয়েছে ১,১৬১ ম্যাচ আর লিওনেল মেসিকে ৫৭ হ্যাটট্রিকের জন্য খেলতে হয়েছে ১,০৪০ ম্যাচ। এই পরিসংখ্যানই বলে দিচ্ছে হ্যাটট্রিক করা কতটা কঠিন। তবে একজন খেলোয়াড়ের জন্য কাজটা কঠিন কিছু নয় বলেই মনে হয়! তিনি আর্লিং হলান্ড। গোল করাকে তো বটেই, হ্যাটট্রিক করাকেও যেন নৈমিত্তিক কাজ বানিয়ে ফেলেছেন হলান্ড। লন্ডন মরসুমে প্রিমিয়ার লিগের প্রথম তিন ম্যাচেই হলান্ড দুটি হ্যাটট্রিক করেছেন। প্রথম ম্যাচে এক গোল করা হলান্ড পরের দুই ম্যাচে গোল করলেন তিনটি করে। সর্বশেষ গতকাল রাতে ওয়েস্ট হামের বিপক্ষে ৩-১ গোলের জয়ে হ্যাটট্রিক করলেন হলান্ড। এর আগে প্রিমিয়ার লিগের প্রথম তিন ম্যাচে দুই হ্যাটট্রিকের ঘটনা ঘটেছিল ১৯৯৪-৯৫ মরসুমে। গোল করেছিলেন ব্র্যাডফোর্ডের পল জুয়েল। ওয়েস্ট হামের বিপক্ষে করা এই হ্যাটট্রিক প্রিমিয়ার লিগে হলান্ডের অষ্টম। প্রিমিয়ার লিগে হ্যাটট্রিক করায় হলান্ড উঠে এলেন যৌথভাবে চতুর্থ স্থানে। অর্থাৎ আরেকটি হ্যাটট্রিক হলান্ডকে নিয়ে আসবে যৌথভাবে তৃতীয় স্থানে। যেখানে

তাঁর অপেক্ষায় আছেন রবি ফাউলার। সবাইকে ছাড়িয়ে এই তালিকার শীর্ষে উঠতে হলান্ডের প্রয়োজন আর ‘মাত্র’ ৫টি হ্যাটট্রিক। প্রথম ৩ ম্যাচে ২ হ্যাটট্রিক করা হলান্ড যদি এই মরসুমেই সের্বিও আঙুরেরোর সের্বিও ১২ হ্যাটট্রিক ছাড়িয়ে যান, সেটা কি খুব অবাক করার মতো কিছু হবে! ওয়েস্ট হামের মাঠে হ্যাটট্রিক করে সিমিলিত তালিকাতেও আরেকটি এগিয়ে গেলেন এই সিটি স্ট্রাইকার। ২৫১ ম্যাচে হলান্ডের হ্যাটট্রিক এখন ২৬টি। এর ফলে ২১ শতকে হ্যাটট্রিকের তালিকায় হলান্ডের অবস্থান এখন ৫ নম্বরে। এ তালিকার শীর্ষে দুইয়ে থাকা রোনাল্ডো ও মেসির কথা তো আগেই বলা হয়েছে। এই দুজন ছাড়া হলান্ডের ওপরে আছেন রবার্ট লেভানডফস্কি (৬২) ও সুয়ারেজ (২৯)। তবে ম্যাচ বিবেচনায় নিলে ২৪ বছর বয়সী হলান্ডের অবস্থান রীতিমতো অবিশ্বাস্য। বর্তমান ছদ্ম ধরে রাখতে পারলে লেভা ও সুয়ারেজকে তো বটেই, হুমকিতে ফেলে দিতে পারেন রোনাল্ডো ও মেসিকেও। লিগে টানা দুই হ্যাটট্রিকের পর হলান্ড স্ক্রাই স্পোটসকে প্রতিক্রিয়া জানাতে গিয়ে বলেছেন, “আমি খুবই ভালো এবং সতেজ অনুভব করছি। লন্ডা একটা ছুটি কাটিয়েছি। প্রাক-মরসুমও ভালো ছিল। এখন আমি আরও বেশি কিছু করার জন্য প্রস্তুত।”



করেছেন এই স্ট্রাইকার। সুয়ারেজ ফেরার পর চার ম্যাচের প্রতিটি লিগ ম্যাচে জিতছে মায়ামি। ঘরের মাঠে শিকাগো অবশ্য আক্রমণ ও বল দখলে পান্না দিয়েছে মায়ামির সঙ্গে। সুযোগ তৈরিতেও ছিল কাছাকাছি অবস্থানে। তবে সুযোগ কাজে লাগানোয় বাজানোত করছে মায়ামি। যদিও ২৫ মিনিটে মায়ামির লুইস সুয়ারেজ তো আছে। বন্ধুর অনুপস্থিতিতে ইন্টার মায়ামিকেও টেনে নিয়ে যাচ্ছেন এই উরুগুয়ান তারকা। ভারতীয় সময় আজ সকালের ম্যাচে শিকাগোর বিপক্ষে জোড়া গোল করেছেন সুয়ারেজ। আর মায়ামি জিতেছে ৪-১ গোলের ব্যবধানে। গত ১ জুন থেকেই ইন্টার মায়ামির হয়ে মাঠে নামা হয়নি মেসি। মেসির অনুপস্থিতি দলের খেলায় কেমন প্রভাব ফেলে, সেটা নিয়েও ছিল দৃষ্টিভঙ্গি। তবে মেসিকে ছাড়া লিগস কাপ থেকে ছিটকে গেলেও, মেজর লিগ সকারে (এমএলএস) ভালোই করেছে ইন্টার মায়ামি। আর্জেন্টাইন অধিনায়ককে ছাড়াই প্লে-অফের টিকিট নিশ্চিত করেছে তারা। আর মেসির অনুপস্থিতিতে এখন তাঁর অভাব মোটাছেন সুয়ারেজই। শেষ দুটি ম্যাচেই করেছেন জোড়া গোল। এর আগে সিনসিনাটির বিপক্ষেও জোড়া গোল করেছিল সুয়ারেজ। কোপা আমেরিকা থেকে ফিরে ৭ ম্যাচে ৬ গোল

টেস্ট রেকর্ড বইয়ের যে পাতায় নাম নেই রুটের

লর্ডস, ১ সেপ্টেম্বরঃ ২০১২ সালের ডিসেম্বর মাস। নাগপুর টেস্টে ইংল্যান্ডের প্রতিপক্ষ ভারত। ইংলিশদের হয়ে অভিষেক হয় ২১ বছর বয়সী জো রুটের। চোহারা এতটাই শিশুসুলভ ছিল যে গ্রায়েম সোয়ান তাঁকে তুলনা করেন দলের মাসকটের সঙ্গে। চোহারা শিশুসুলভ, ব্যাটিংটা নয়। অভিষেক ইনিংসে ৬ নম্বরে নেমে খেলেন ২২৯ বলে ৭৬ রানের ইনিংস। সেই থেকে শুরু। এক যুগ পর এখন সেই রুটকে বলা হচ্ছে ইংল্যান্ডের প্রটেস্ট ব্যাটসম্যান। নেনভেন কেউ বলেননি, গতকাল খোদ ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক মাইকেল ডন বলেছেন। এত বড় কথা তিনি প্রতিভা দেখে বলেননি, রেকর্ড দেখেই বলেছেন। এখন ইংল্যান্ডের হয়ে টেস্টে ব্যাটিংয়ের রেকর্ড বই ঘটিতে গেলে সেই বইয়ে রুটের নামটাই সবচেয়ে বেশি দেখা যায়। গতকাল লর্ডসে শ্রীলঙ্কার বিপক্ষে সেঞ্চুরি দিয়ে তো রেকর্ড বইয়ে জায়গাটা আরও শক্ত করলেন রুট। ইংল্যান্ডের হয়ে টেস্ট এখন সবচেয়ে বেশি সেঞ্চুরি রুটের-৩৪টি। লর্ডসে বেশি রান রুটের-২০২২। এই মাঠে সর্বোচ্চ ৭টি সেঞ্চুরিও তাঁর। এক যুগের টেস্ট ক্যারিয়ারে কালই জোড়া সেঞ্চুরি করেছেন রুট। লর্ডসে টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি করতে পেরেছেন তিনি ছাড়া আর কেবল তিনজন ওয়েস্ট ইন্ডিজের জর্জ হেডলি এবং ইংল্যান্ডের গ্রাহাম গুচ ও মাইকেল ডন। ইংল্যান্ডের হয়ে টেস্ট সর্বোচ্চ রানের রেকর্ডটাও রুটের হওয়া এখন সময়ের ব্যাপার। অস্ট্রেলিয়ার কুর্নের (১২৪৭২) চেয়ে

মাত্র ৯৬ রানে পিছিয়ে তিনি। মানে শ্রীলঙ্কার বিপক্ষে পরের টেস্টেই কুককে ছাড়াতে পারেন রুট। কুককে বাদ দিলে রুটের চেয়ে টেস্টে বেশি রান আছে ৫ জনের। এদের মধ্য শুধু অস্ট্রেলিয়ার রিকি পন্টিংয়ের (৫৮.৭২) স্ট্রাইকরেটাই রুটের (৫৬.৯৮) চেয়ে ভালো। রুটের চেয়ে সেঞ্চুরিও বেশি আছে পাঁচজনের। এদের মধ্যে বোধ হয় সচিন তেডুলকারই

৭ কিংবা ১১টি সেঞ্চুরি করা নিঃসন্দেহে কঠিন। তবে রুটের ফর্মের কাছে অনেক কঠিনই যে সহজ হয়ে যায়। ২০২১ সালের পর থেকে টেস্টে সেঞ্চুরি করাকে অনেকটা ছেলাখেলায় পরিণত করেছেন রুট। ২০২১ সালের জানুয়ারি থেকে এখন পর্যন্ত এই সংস্করণে ১৭টি সেঞ্চুরি করেছেন। এই সময়ে রুট ছাড়িয়ে গেছেন ফ্যাব ফোরে থাকা আর

তিন ব্যাটসম্যান-বিরাট কোহলি, স্টিভ স্মিথ ও কেন উইলিয়ামসনকে। ২০২১ সালের পহেলা জানুয়ারিতে রুটের টেস্ট সেঞ্চুরি ছিল ১৭টি, তখন উইলিয়ামসনের ছিল ২৬টি, স্মিথের ২৬টি আর কোহলির ছিল ২৭টি। এখন ফ্যাব ফোরের দ্বিতীয় সর্বোচ্চ সেঞ্চুরি যৌথভাবে উইলিয়ামসন ও স্মিথের-৬২টি। কোহলির চেয়ে তখন ১০টি সেঞ্চুরিতে পিছিয়ে ছিলেন, এখন এগিয়ে ৫ সেঞ্চুরিতে। রুটের প্রশংসা আর রেকর্ডে কিছুটা একঘেয়েমি ধরতে

পারে আপনারা। সে ক্ষেত্রে একটা তথ্য দেওয়া যেতে পারে। টেস্টে রেকর্ড বইয়ের একটা পাতায় রুটের কোনো নামই নেই। ৩৪টি টেস্ট সেঞ্চুরির একটিও রুট যে চিরপ্রতিদ্বন্দ্বী অস্ট্রেলিয়ার মাঠে করতে পারেননি। ২৭ ইনিংস খেলে। ২৭ ইনিংসে ৯টি অর্ধশত রানে অস্ট্রেলিয়ার মাটিতে টেস্টে রুটের গড় ৩৫.৬৮-গড়পড়তা। অস্ট্রেলিয়ার বিপক্ষে রুটের যে সেঞ্চুরি নেই, তা নয়। তাদের বিপক্ষে রুটের সেঞ্চুরি ৪টি। সবচেয়ে বেশি সেঞ্চুরি ভারতের বিপক্ষে-১০টি। এর মধ্যে ভারতের মাটিতে ৩টি। নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, ওয়েস্ট ইন্ডিজ-এই তিন দেশের রুটের টেস্ট ব্যাটিং গড় ৫০-এর বেশি। ভারতেও একেবারে কম নয়-৪৫.৪২। তবে অস্ট্রেলিয়ার মাটিতেই এই রুট গড়পড়তা। দুর্দশা কাটানোর সুযোগও আছে সামনে। পরের অ্যাশেজ যে অস্ট্রেলিয়ার মাটিতেই। তখন না হলে আর কখন! এই পরিস্থিতিতে ফের একবার আলোচনা শুরু হয়েছে যে, ভারতীয় ক্রিকেটের ঈশ্বরদের রেকর্ড ভাঙা জো রুটের জন্য কি সম্ভব? এই প্রশঙ্গে কী বলছেন রুট? টেস্টে সচিন তেডুলকরের সবচেয়ে বেশি রানের রেকর্ড ভাঙা নিয়ে রুটের মনের ভাবনা কী? তিনি বলেন, “সচিন তেডুলকরের সবচেয়ে বেশি রানের রেকর্ড নিয়ে আমি ভাবছি না। আমি শুধু আমার দলের হয়ে অবদান রাখতে চাই। সেঞ্চুরি বরাবরই আনন্দ দেয়। টেস্ট ম্যাচ জেতার থেকে ভালো অনুভূতি কিছু হয় না। কেউ যদি বলে থাকে টেস্টে সেঞ্চুরি করে আনন্দ নেই, তা হলে ভুল বলা হবে।”

সোনা-ব্রোঞ্জের পরে রূপোও এল শ্যুটিংয়ে!

তিরন্দাজিতে ইতিহাস গড়লেন শীতল

প্যারিস, ১ সেপ্টেম্বরঃ ১০ মিটার এয়ার রাইফেলের মহিলা বিভাগে অবনী লেখারা সোনা জিতে ইতিহাসের পাতায় নাম তুলে ফেলার পর পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল এসএইচ১ ইভেন্টের ফাইনালে নেমেছিলেন ২৬ বছরের মণীশ নারওয়ালা। কোরিয়ান

অবনী লেখারা এবং মোনা আগারওয়াল। মহিলাদের ১০০ মিটার দৌড়ের টি-৩৫ বিভাগে পদক জেতেন প্রীতি পাণ্ডা ও এবার নাম লেখালেন মণীশ। অন্যদিকে, প্যারিস প্যারালিম্পিক্সে মেয়েদের আর্চারিতে কম্পাউন্ড ওপেন র‍্যাঙ্কিং পর্বে ৭০৬ পয়েন্ট সংগ্রহ করে

তির-ধনুক অনুশীলন শুরু করে শীতল। তাতেই গত বছর প্যারা এশিয়ান গেমসে মহিলাদের ডাবলসে রূপো এবং মিক্সড ডাবলসে সোনা জেতে সে। তবে একদিনে কিছুই হয়নি। প্রথম দিকে ধনুক ধরতেই পারত না শীতল। তার পরে শ্রেফ মনের জোরে এবং লাগাতার



শুটারকে হারিয়ে শেষ অবধি রূপোতে থামলেন তিনি। হরিয়ানার ফরিদাবাদের ছেলে মণীশের শুকুর্টা ভাল হয়েছিল। কিন্তু, খেলার মাঝামাঝি ষষ্ঠ স্থানে নেমে আসেন ভারতীয় শূটার। হাল ছাড়েননি। ফাইনাল শেষ করেন দ্বিতীয় স্থানে এসে। এর আগে টেকিও প্যারালিম্পিক্সে মিক্সড ৫০ মিটার এয়ার পিস্তলে সোনা জিতেছিলেন মণীশ। আগেই ১০ মিটার এয়ার রাইফেলে সোনা এবং ব্রোঞ্জ জিতেছে ভারত। ইতিহাস লিখেছেন

ইতিমধ্যেই নতুন ইতিহাস রচনা করেছে ১৭ বছরের শীতল দেবী। নতুন বিশ্বরেকর্ড গড়ার দুর্যারে দাঁড়িয়ে ছিল সে। কিন্তু মাত্র এক পয়েন্টের জন্য তা অথরা থেকে যায়। জন্ম থেকেই ‘ফোকোমেলিয়া’ নামক বিরল রোগে আক্রান্ত শীতল। যে কারণে বেড়ে ওঠেনি হাতা ২০১১ সালে ভারতীয় সেনার নজরে এলে তাদের উদ্যোগেই শীতলকে তিরন্দাজি শেখানো শুরু হয়। মাত্র দু’বছর আগেই ম্যাট স্টুটজম্যানকে দেখে অনুপ্রাণিত হয়ে পা দিয়ে

অনুশীলন করে এই জায়গায় এসেছে। তার আদ্য ইচ্ছেতে শক্তির জাগান দিয়েছেন বাবা-মা। পাশাপাশি বন্ধুরাও যোভাবে সমর্থন করেছে তাকে, তা কখনও ভোলার নয় বলেই মত তার। মাত্র ১ পয়েন্ট বেশি পেয়ে তুর্কির ওজানুর কুরে এগিয়ে ব্রোঞ্জ জিতেছেন রেকর্ড গড়েছে। তার পিছনেই রয়েছে হাত না থাকা শীতল। তবে সত্যিকারের ‘বাহুবলী’ হতে যে মোটেই ‘বাহু’-র দরকার নেই, তা প্রমাণ করে দিয়েছে সে নিজেই।

রাহুল দ্রাবিড়ের মতোই! যে কারণে বিশ্বকাপ খেলতে পারবেন না সমিতও

বেনালুরু, ১ সেপ্টেম্বরঃ প্রথম বার জাতীয় দলে সুযোগ পেয়েছেন। কিন্তু বিশ্বকাপ খেলার সুযোগ পাবেন না! সমিত দ্রাবিড়ের পরিস্থিতি আপাতত এমনই। ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মাল্টি ফরম্যাট সিরিজে অনূর্ধ্ব ১৯ দলে সুযোগ পেয়েছেন সমিত দ্রাবিড়। গত মরসুমে কুচবিহার ট্রফি সহ বরস ডিভিক স্তরে বিভিন্ন টুর্নামেন্টে নেওয়ায় প্রচুর বিরূপের সামনে পড়তে হয়েছে। বাবার নাম রাহুল দ্রাবিড় হওয়াতেই নাকি সুযোগ পেয়েছেন। জাতীয় দলে সুযোগ পেয়ে নানা বিষয়ে কথাও বলেছেন। সদ্য মহারাজা টি-টোয়েন্টি লিগেও খেলেছেন সমিত। কিন্তু তাঁর অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ খেলা হবে না! পরবর্তী অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ২০২৬ সালে। অক্টোবরেই সমিতের বয়স ১৯ হবে। স্বাভাবিক ভাবেই ২০২৬ সালে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে খেলা হবে না তাঁর। বাবা রাহুল দ্রাবিড়ও অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ খেলার সুযোগ পাননি। এই টুর্নামেন্ট শুরু হয়েছিল ১৯৮৮ সালে। নিয়ম অনুযায়ী চার বছর পর বিশ্বকাপ হলে হয়তো রাহুল দ্রাবিড়ও অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ খেলার সুযোগ পেতেন। কিন্তু প্রথম বিশ্বকাপের ১০ বছর পর দ্বিতীয় বার অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ হয়। সে কারণেই রাহুল দ্রাবিড় খেলার সুযোগ পাননি। অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ না খেলেও ভারতীয় ক্রিকেটের কিংবদন্তি হয়ে উঠেছিলেন। বিশ্ব ক্রিকেটে দ্য ওয়াল বলেই পরিচিত হয়ে উঠেছেন। জাতীয় দলের কোচিংয়েও সাফল্য পেয়েছেন। এ বার রাহুল দ্রাবিড়ের



কোচিংয়েই টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছে ভারত। সমিত যদি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিরিজে ভালো পারফর্ম করেন, ভারত-এ দলেও সুযোগ মিলতে পারে। এমার্জিং এশিয়া কাপ এবং এ-দলের পাশাপাশি ঘরোয়া ক্রিকেটের অন্যান্য টুর্নামেন্ট খেলে ভবিষ্যতে সিনিয়র দলে জায়গা করে নিতেই পারেন। প্রথম বার জাতীয় দলে সুযোগ পেয়েছেন সমিত। স্বাভাবিকভাবেই তিনি খুশি, উত্তেজিত। কিন্তু তাঁকে নিয়ে সোশ্যাল মিডিয়ায় বিতর্ক জারি রয়েছে। এই পরিস্থিতিতে জাতীয় দলে সুযোগ পাওয়া নিয়ে প্রথম বার নিজের প্রতিক্রিয়া জানালেন সমিত। রাহুল দ্রাবিড়ের ছেলে বলেই সমিত নাকি অনূর্ধ্ব-১৯ টিমে সুযোগ পেয়েছেন। এমনই বলাবলি করছেন সমালোচকরা। অনেকেই মহারাজা টি-টোয়েন্টি ট্রফিতে তাঁর ধারাবাহিক পারফরম্যান্সের অভাবের কথা তুলে ধরছেন। একদল যখন সমিতকে নিয়ে সমালোচনায় ব্যস্ত, অপর দলের দাবি নির্বাচকরা তেড়েচিহ্নেই তাঁকে টিমে নিয়েছে। এই পরিস্থিতিতে সমিতের প্রতিক্রিয়া তুলে ধরছে স্টার স্পোর্টস কন্ট্রা, তাদের এক্স হ্যাণ্ডেলো। সেই ভিডিয়োতে সমিতকে বলতে শোনা যায়, “প্রথমই বলতে চাই, আমি জাতীয় দলে সুযোগ পাওয়ায় খুব খুশি। যারা শুভেচ্ছা বার্তা জানিয়েছেন, তাঁদের সকলকে ধন্যবাদ জানাই। এই মুহূর্তের জন্য আমি কঠোর পরিশ্রম করেছি। তাই দারুণ লাগছে।” জাতীয় দলে ডাক পেয়ে সমিত সেই অর্থে কৃত্তি বলতে, নিজের পরিশ্রম করার কথাই উল্লেখ করেছেন।

সেপ্টেম্বর সংখ্যা

সুচিকিৎসা

২৬ বর্ষ ● দশম সংখ্যা ● ১ সেপ্টেম্বর ২০২৪

ভাইরাল ফিবার

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পারেন কোডটি স্ক্যান করুন